



WBCLA

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XII,

July, 2002 – December, 2002

No. 3 & 4

সম্পাদকীয়

বিগত দিনের মত পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির বর্তমান নেতৃত্বদ বিভিন্ন পেশাগত দাবী-দওয়া আদয়ের জন্য আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। গত কয়েকমাসের প্রচেষ্টায় কার্যকরী সমিতি ইতিমধ্যেই কয়েকটি নির্দিষ্ট পদক্ষেপ নিতে পেরেছে। সরকারী দপ্তরে দীর্ঘ তদ্বির-তদারক ও ডেপুটেশনের ফলে বহুকাঙ্ক্ষিত কলেজ শিক্ষকদের অনুরূপ Bunching benefit-এর সরকারী আদেশনামা প্রকাশ করাতে সক্ষম হয়েছে। Leave Refusal-এর ব্যাপারেও কাজের খানিকটা অগ্রগতি হয়েছে। রাজ্যের শিক্ষাদপ্তর কলেজ গ্রন্থাগারিকদের জন্য Leave Encashment-এর পরিবর্তে শিক্ষকদের অপূরূপ তিনমাসের Leave Refusal-এর জন্য সুপারিশ করেছে। বিষয়টি এখন রাজ্য সরকারের অর্থদপ্তরের বিবেচনাধীন। কলেজ গ্রন্থাগারিকদের জন্য Career Advancement Scheme-টি এখন পর্যন্ত মানব সম্পদ উন্নয়ন দপ্তরের সবুজ সংকেত পায়নি। কাজ অনেকটা এগোলেও, আদেশনামা এখনও পাওয়া যায় নি। এই স্কীমটিতে শিক্ষকদের অনুরূপ প্রমোশন পদ্ধতি (৬/৫ ব্যসর), সিলেকসনগেড্‌ লাইব্রেরীয়ানদের Fitment Benefit (১৪৯৪০ টাকা) ও পি.এইচ.ডি. ডিগ্রিধারীদের জন্য দুটি অতিরিক্ত ইনক্রিমেন্ট দেওয়ার সুপারিশ আছে। বর্তমান কার্যকরী সমিতি এই ব্যাপারে সর্বভারতীয় গ্রন্থাগারিক ও শিক্ষক সংগঠনের নেতৃত্বের সঙ্গে আন্তরিকভাবে যোগাযোগ রেখে চলেছে। Indian Librarian Association-এর অনুরোধে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করা হয়েছে এবং যাতে এই স্কীমটি অনুমোদন পায় সেই জন্য বিভিন্নভাবে তদ্বির করা হয়েছে।

তবে কলেজ গ্রন্থাগারিকদের পদমর্যাদা ও চাকরির শর্তাবলী বিষয়টি এখনও পর্যন্ত কোন সুরাহা হয়নি। এ ব্যাপারে রাজ্য সরকার ও পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়গুলি নীরবতা পালন করে চলেছে।